**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়**
**টাঙ্গাইল।**
**tangail.judiciary.org.bd**

আদেশ নং-৩০

তারিখ ঃ ০৭ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ / ১৯ ফেব্রুয়ারী ২০১৯ খ্রিস্টাব্দ ।

## অফিস আদেশ

ফৌজদারী কার্যবিধির ১৭(২) ও ১৯২(২) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন তথা আগামী ২১-০২-২০১৯ হতে ২৩-০২-২০১৯ খ্রিঃ তারিখের জন্য সমগ্র টাঙ্গাইল জেলার আমলী (জি.আর/সি.আর) আদালত পরিচালনা করার জন্য জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বেগম নওরিন মাহবুবা (ক্ষমতাপ্রাপ্ত সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট)-কে দায়িত্ব পালন করতে নির্দেশ প্রদান করা গেল।

তিনি যথাসময়ে আদালতে উপস্থিত হয়ে আমলী (জি.আর/সি.আর) আদালতের মামলা সমুহের জামিন, রিমান্ড, জিম্মা সংক্রান্ত শুনানী গ্রহণ ও নিষ্পত্তি করবেন। তাছাড়া জি.আর মামলা সংক্রান্ত উদ্ভূত আসামীর দোষ স্বীকারমূলক জবানবন্দী, সাক্ষীর/ভিকটিমের জবানবন্দি রেকর্ডসহ জরুরী যাবতীয় বিষয়াদি নিষ্পত্তি করবেন।

উল্লিখিত দিনগুলিতে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ৩য় আদালতের বেঞ্চ সহকারী, স্টেনো-টাইপিস্ট ও অফিস সহায়ক কে যথাসময়ে আদালতে উপস্থিত থাকার নির্দেশ দেয়া গেল।

জনস্বার্থে এই আদেশ জারী করা হলো। সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করা হোক।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।

স্মারক নং-১০.০০.৯৩০০.০০১.১৮.১২০.১৮/ ২২৬(১২)-৮

তারিখ ঃ ০৭ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ / ১৯ ফেব্রুয়ারী ২০১৯ খ্রিস্টাব্দ ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

১। মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, টাঙ্গাইল।
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
৩। পুলিশ সুপার, টাঙ্গাইল।
৪। বেগম নওরিন মাহবুবা, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
৫। বিজ্ঞ সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, টাঙ্গাইল।
৬। কোর্ট পুলিশ পরিদর্শক, টাঙ্গাইল (বিষয়টি জি.আর.ও দের অবহিতকরণের নির্দেশনাসহ)
৭। পি.এ টু সি.জে.এম টাঙ্গাইল।
৮। কম্পিউটার অপারেটর (ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
৯। স্টেনো-টাইপিস্ট/বেঞ্চ সহকারী/অফিস সহায়ক, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ৩য় আদালত, টাঙ্গাইল।
১০। ক্যাশিয়ার, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসি, টাঙ্গাইল।
১১। জনাব মোঃ আলী আশরাফ, ড্রাইভার, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসি, টাঙ্গাইল।
১২। অফিস কপি।

১৯/০২/১৯
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।